

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৭৭

পরিচ্ছেদঃ হিজর বা হাতীমে সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ فِي الْحِجْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّد، عَنْ عَلْقَمَةَ بْنِ أَبِي عَلْقَمَةَ، عَنْ أُمِّهِ، عَنْ عَائِشَة، قَالَتْ كُنْتُ أُحِبُّ أَنْ أَدْخُلَ، الْبَيْتَ فَأُصَلِّيَ فِيهِ فَأَخَذَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِيَدِي فَأَدْخَلَنِي الْحِجْرِ فَقَالَ " صلِّي فِي الْحِجْرِ إِنْ أَرَدْتِ دُخُولَ الْبَيْتِ فَإِنَّمَا هُو وسلم بِيَدِي فَأَدْخَلَنِي الْحِجْرِ فَقَالَ " صلِّي فِي الْحِجْرِ إِنْ أَرَدْتِ دُخُولَ الْبَيْتِ فَإِنَّمَا هُو وَسلم بِيَدِي فَأَدْخُرُولُ الْبَيْتِ فَإِنَّا الْكَعْبَةَ فَأَخْرَجُوهُ مِنَ الْبَيْتِ ". قَالَ قِطْعَةُ مِنَ الْبَيْتِ ". قَالَ عَيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَعَلْقَمَةُ بْنُ أَبِي عَلْقَمَةَ هُوَ عَلْقَمَةُ بْنُ بِلاَلٍ .

বাংলা

৮৭৭. কুতায়বা (রহঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, বায়তুল্লাহর ভিতর প্রবেশ করে সেখানে সালাত (নামায/নামাজ) আদায় করতে আমার খুব আকাংখা হত। তাই রাসূল সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম আমার হাত ধরে হিজর এ প্রবেশ করিয়ে আমাকে বললেন, তুমি যদি বায়তুল্লাহ প্রবেশের ইচ্ছা রেখে থাকে তবে এই হিজরেই সালাত (নামায/নামাজ) আদায় করে নাও। কেননা ওটিও বায়তুল্লাহর অংশ। কিন্তু তোমার কাওম যখন বায়তুল্লাহ পুনঃনির্মান করছিল তখন অর্থাভাবে এই স্থানটিকে বায়তুল্লাহর বাইরে রেখে দেয়। - সহিহ আবু দাউদ ১৭৬৯, সহিহাহ ৪৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৭৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। রাবী আলকামা ইবনু আবূ আলকামা হলেন আলকামা ইবন বিলাল।

English

Aishah narrated:

"I wanted to enter the House to perform Salat in it, so the Messenger of Allah took me by the hand and put me in the Hijr, and he said: 'Perform Salat in the Hijri if you want to enter the House. For indeed it is part of the House, but your people considered it insignificant when they built the Ka'bah, so



they put it outside the House.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন